# আমন্ত্রণপত্র ব্যবহার নির্দেশিকা







## আমন্ত্রণপত্রের উদ্দেশ্য:

কর্মএলাকার নবীন গর্ভবতী মাতা-পিতাকে স্থানীয় নিকটস্থ সেবাকেন্দ্র থেকে গর্ভকালীন, প্রসবকালীন ও প্রসব পরবর্তী চেকআপ এবং পরিবার পরিকল্পনা সেবাগ্রহণ করতে আমন্ত্রণ জানানোর জন্য সেভ দ্য চিলড্রেন, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং সংযোগ টেকনিক্যাল এডভাইজারি গ্রুপ এর কারিগরি সহায়তায় এই আমন্ত্রণপত্রটি তৈরি করা হয়েছে। আমন্ত্রণপত্রের উদ্দেশ্য হচ্ছে সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত ও সেবাগ্রহণ করতে নবীন মাতা-পিতাকে উদ্বুদ্ধ করা এবং তাদের সাথে মাঠ কর্মীদের সংযোগ স্থাপন করা।

## আমন্ত্রণপত্রের যৌক্তিকতা:

- এই আকর্ষণীয় আমন্ত্রণপত্রটি নবীন মাতা-পিতাকে প্রয়োজনীয় সেবা গ্রহণের কথা মনে করিয়ে দিবে এবং কাছের সেবা কেন্দ্র থেকে সেবা নিতে উদ্বুদ্ধ করবে।
- স্বাস্থ্যকর্মী বা সেবাপ্রদানকারীর সাথে নবীন মাতা-পিতার একটি আন্তরিক সম্পর্ক ও বিশ্বাস স্থাপিত হবে।
- নবীন মাতা-পিতা যখন এই আমন্ত্রণপত্র নিয়ে সেবা কেন্দ্রে পরিদর্শনে আসবেন তখন আমন্ত্রণপত্রের একটি অংশ সেবা কেন্দ্রে সংরক্ষণ করা হবে যার ভিত্তিতে পরবর্তীতে পরিবার কল্যাণ সহকারীদের (এফডব্লিউএ) প্রশংসিত করা হবে।
- মাঠপর্যায়ের স্বাস্থ্যকর্মীদের নবীন মাতা-পিতার বাড়ি পরিদর্শনে উদ্বুদ্ধ করবে।

## আমন্ত্রণপত্রটিতে কী আছে?

- আমন্ত্রণপত্রটির দুইটি অংশ রয়েছে এবং দুটি দিকই ডিজাইন করা হয়েছে। প্রতিটি দিকের যে অংশটিতে আমন্ত্রণ জানানো হয়েছে, সেটি নবীন মাতা-পিতার কাছে থাকবে এবং যে অংশটিতে সেবা কেন্দ্র সম্পর্কে স্বাস্থ্যকর্মী নবীন মাতা-পিতাকে অবগত করবেন এবং গর্ভবতী মায়ের তথ্য সংগ্রহ করবেন, সেই অংশটি ছিঁড়ে স্বাস্থ্যকর্মীর কাছে রাখতে হবে।

## আমন্ত্রণপত্রটি কাকে প্রদান করা হবে?

- আমন্ত্রণপত্রটি কর্মএলাকার নবীন গর্ভবতী মাতা-পিতাকে অর্থাৎ প্রথম বার যিনি গর্ভধারণ করেছেন শুধু সেই মা ও তার স্বামীকে প্রদান করা হবে।


আপনার স্বাস্থ্য আমাদের অঙ্গীকার — HPNSP — স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

পরিবার পরিকল্পনা অধিদপ্তর

Save the Children


## আমন্ত্রণপত্রটি কে প্রদান করবেন?

- প্রধানত এই আমন্ত্রণপত্রটি মাঠ পর্যায়ে স্বাস্থ্যকর্মী যেমন পরিবার কল্যাণ সহকারীগণ বা স্বেচ্ছাসেবীগণ তাদের কর্মএলাকার (ইউনিটের) দম্পতিদের মধ্যে প্রথম বার যিনি গর্ভধারণ করেছেন, তাদের বাড়ি পরিদর্শনের সময় গর্ভবতী মা ও তার স্বামীকে এই আমন্ত্রণ পত্রটি প্রদান করবেন এবং স্বাস্থ্যকেন্দ্রে যাওয়ার সময় এই আমন্ত্রণ পত্রটি নিয়ে যেতে অনুরোধ করবেন।
- যদি কোন নবীন মাতা-পিতা সরাসরি স্বাস্থ্যকেন্দ্রে চলে আসেন তাহলে পরিবার কল্যাণ পরিদর্শিকা/নার্স/মিডওয়াইফ/প্যারামেডিকগণ সেবা প্রদানের সময় স্বাস্থ্যকেন্দ্র থেকে এই আমন্ত্রণপত্রটি প্রদান করবেন।

## আমন্ত্রণপত্রটি প্রদানের সময় কি করতে হবে?

- আমন্ত্রণপত্রের যেখানে প্রিয় লেখা আছে সেখানে চিত্রের নির্দেশনা অনুযায়ী নবীন গর্ভবতী মা ও তাঁর স্বামীর নাম লিখতে হবে। যেমন: প্রিয় আমেনা বেগম ও জামিল আহমদ।
- নিচের অংশে মাঠকর্মীর নাম, মোবাইল নম্বর এবং আমন্ত্রণপত্র প্রদানের তারিখ লিখতে হবে।
- যে অংশ ছিড়ে মাঠকর্মীর কাছে রাখতে হবে সেখানে নবীন মাতা-পিতার সাথে আলোচনা করে তাঁরা যে ধরণের স্বাস্থ্যকেন্দ্রে যেতে আগ্রহী সেখানে টিক মার্ক দিতে হবে এবং নিচে সেই স্বাস্থ্যকেন্দ্রের নাম লিখতে হবে। যেমন: মুসাপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র।
- আমন্ত্রণপত্রের অন্য দিকে যে অংশটি স্বাস্থ্যকর্মীর কাছে থাকবে সেখানে চিত্রের নির্দেশনা অনুযায়ী আমন্ত্রণপত্র প্রদানের তারিখ, গর্ভবতী মায়ের নাম, বয়স, দম্পতি/এনআইডি/জন্ম নিবন্ধন নম্বর, গর্ভবতী মা বা তাঁর স্বামীর মোবাইল নম্বর, স্বামীর নাম, ঠিকানা, গ্রাম/মহল্লা, ইউনিট/ওয়ার্ড নম্বর, বাড়ি/জিআর/হোল্ডিং নম্বর, পরবর্তী ফলোআপ করার তারিখ এবং সেবাকেন্দ্রের নাম লিখতে হবে।




- আমন্ত্রণপত্রে সব তথ্য লিখার পর নবীন মাতা-পিতাকে প্রদান করতে হবে এবং তাদেরকে সেবাকেন্দ্র থেকে সেবা নেয়ার জন্য মৌখিক ভাবেও আমন্ত্রণ জানাতে হবে।

## আমন্ত্রণপত্রের ছেড়া অংশটি কী করতে হবে?

- আমন্ত্রণপত্রের নির্দিষ্ট অংশটি ছিঁড়ে পরিবার কল্যাণ পরিদর্শিকা/নার্স/মিডওয়াইফ/প্যারামেডিকগণ সেবাকেন্দ্রে সংরক্ষণ করবেন।
- প্রতিমাসে সংযোগ প্রকল্প কর্মী কেন্দ্র পরিদর্শন কালে আমন্ত্রণপত্রের সংরক্ষিত অংশ সেবাকেন্দ্র থেকে সংগ্রহ করবেন।
- মাঠকর্মীদের সাথে মাসিক সমন্বয় সভার সময় সেবাকেন্দ্র থেকে সংগৃহীত আমন্ত্রণপত্রের সংখ্যা প্রকাশ করা হবে।
- পরিবার কল্যাণ সহকারীদের মধ্যে যাদের প্রদানকৃত আমন্ত্রণপত্রের সংখ্যা বেশি পাওয়া যাবে তাদের প্রশংসিত করা হবে।

## যে বিষয় গুলো মনে রাখতে হবে:

- এই আমন্ত্রণপত্র কোনো ভাবেই নবীন মা তাদের সেবা গ্রহণে প্রয়োজনীয় কোনো উপকরণ হিসেবে বিবেচিত হবে না। কোনো মা যদি কার্ড নিয়ে না আসেন তাহলেও তিনি যথারীতি অন্য মায়েদের মত সেবা পাবেন।
- এই আমন্ত্রণপত্র আদান-প্রদানে কোনো সেবাকর্মীকে কিংবা সেবাকেন্দ্রকে নির্ধারিত কোনো লক্ষ্য মাত্রা দেয়া যাবে না।
- এই আমন্ত্রণপত্র কোনো ভাবেই মূল্যায়ন ও প্রতিবেদনের উদ্দেশ্যে আদান-প্রদান করা যাবেনা কেননা সকল মা এই কার্ড নাও পেতে পারেন এবং কেউ কেউ হারিয়ে ফেলতে পারেন।


আপনার স্বাস্থ্য আমাদের অঙ্গীকার
HPNSP
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

পরিবার পরিকল্পনা অধিদপ্তর

Save the Children